আজকের কাগজ

তারিখ 18 DEC 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫৬ ...

52

*বিজয় দিবসের রাতে*

# শিবির কর্মীরা রাজশাহী বিশ্ববিদ্যালয় গণকবরের স্মৃতিফলক ভেঙ্গে গুঁড়িয়ে দিয়েছে

রাজশাহী থেকে জেলা প্রতিনিধি ঃ একদল সন্ত্রাসী শিবির কর্মী গত বুধবার গভীর রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয় জোহা হল সংলগ্ন গণকবরে রাকসু কর্তৃক নবনির্মিত স্মৃতিফলক ভেঙে গুঁড়িয়ে দিয়েছে। বুধবার বিকেল ৪টায় শহীদ বুদ্ধিজীবী মীর আব্দুল কাইউমের পত্নী অধ্যাপিকা মাসতুরা খানম বাংলাদেশের সর্ববৃহৎ এই গণকবরের উক্ত স্মৃতিফলকটি উন্মোচন করেছিলেন।

এ ঘটনার প্রতিবাদে গতকাল সকালে রাঃ বিঃ ক্যাম্পাসে বিভিন্ন ছাত্র সংগঠন বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করে।

সন্ধ্যায় সম্মিলিত সাংস্কৃতিক জোট রাজশাহী বিশ্ববিদ্যালয় 'সাবাস বাংলাদেশ' পাদদেশে প্রতিবাদ সভার আয়োজন করে। জোটের সভাপতি জুলফিকার মতিনের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জোটনেতা হাক্কানী খসরু ও আজম শান্তনু। বক্তারা ঘটনার সঙ্গে জড়িত জামাত-শিবির কর্মীদের গ্রেফতার ও বিচার দাবি করেন। এ ছাড়া রাতে রাজশাহী প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে রাকসু এজিএস আলমগীর হোসেন এ ন্যাক্কারজনক ঘটনার তীব্র নিন্দা করে। সম্মেলনে, ঘটনার সঙ্গে জড়িত শিবির কর্মীদের গ্রেফতার ও বিচার দাবি করা হয়। সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন রাকসু প্রোভিপি কাদের সরকার, ছাত্রমৈত্রী নেতা বাবুল খান, মোঃ মহসীন, ছাত্রলীগ (বা-কা) নেতা আইয়ুব আলী, আহমেদ কবীর, করিম সিকদার ও ছাত্র ইউনিয়ন নেতা গাজী গোলাম মোস্তফা। রাজশাহী জেলা ও মহানগর আওয়ামী লীগ, ওয়ার্কার্স পার্টি, ন্যাপ (মোঃ), সিপিবি, জাসদ (ইনু) এবং শহীদ লেঃ সেলিম মঞ্চ ঘটনার নিন্দা করে পৃথক পৃথক বিবৃতি দিয়েছে।

এদিকে এ ঘটনার নিন্দা করে বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সভাপতি ও রাকসু জিএস রুহুল কুদ্দুস বাবু এবং সাধারণ সম্পাদক আব্দুল্লাহিল কাইয়ুম এক বিবৃতিতে বলেছেন, আমরা গভীর বিস্ময় এবং লজ্জার সঙ্গে লক্ষ্য করছি একদিকে বেগম জিয়া শহীদ বুদ্ধিজীবী দিবস, বিজয় দিবস উদযাপন করছেন, জাতির উদ্দেশে ভাষণ দিচ্ছেন, মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ ভূমিকা রাখার জন্যে বীর মুক্তিযোদ্ধাদের পদক দিচ্ছেন অন্যদিকে তার শাসনামলে স্বাধীনতার চেতনায় অবিশ্বাসী স্বাধীনতা বিরোধী জামাত-শিবির চক্র সরাসরি স্বাধীনতা, মুক্তিযুদ্ধকে চ্যালেঞ্জ করে শহীদ স্মৃতিফলক ভেঙে ফেলছে। আমরা স্বাধীনতা বিরোধী শক্তির সকল তৎপরতা বন্ধ এবং তাদের নিষিদ্ধ করার দাবি জানাচ্ছি। আমরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শহীদ স্মৃতিফলক ভাঙ্গার সঙ্গে জড়িতদের অবিলম্বে গ্রেফতার করারও দাবি জানাচ্ছি।